

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৭৯

তেলিয়ামুড়া, ১৭ জানুয়ারি, ২০২৫

মুঙ্গিয়াকামি ব্লক অফিস প্রাঙ্গণে ভলিবল  
প্রতিযোগিতা ও কৌশল মেলা অনুষ্ঠিত

মুঙ্গিয়াকামি ব্লকের উদ্যোগে আজ ব্লক অফিস প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় ব্লকভিত্তিক ভলিবল প্রতিযোগিতা ও ব্লকভিত্তিক কৌশল মেলা। ব্লকভিত্তিক ভলিবল প্রতিযোগিতার উদ্বোধন করেন তপশিলি জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। প্রতিযোগিতার উদ্বোধন করে জনজাতি কল্যাণমন্ত্রী বলেন, খেলাধুলার প্রতি উৎসাহিত করতেই এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নেশামুক্ত সমাজ গঠনে তিনি সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক সুমিত পাণ্ডে, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার, রাজ্য ভলিবল অ্যাসোসিয়েশনের সভাপতি প্রদীপ চন্দ্র প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুঙ্গিয়াকামি বিএসি-র চেয়ারম্যান সুনীল দেববর্মা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মুঙ্গিয়াকামি ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক দীপ্তনু দেববর্মা।

খোয়াই জেলার ১৪৪টি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কমিটিতে এ ধরনের খেলার আয়োজন করা হয়েছে। ভলিবল প্রতিযোগিতায় অংশগ্রহণকারী যুবকদের বিনামূল্যে রক্ত পরীক্ষা করা হয়। ব্লক প্রাঙ্গণে দীনদয়াল উপাধ্যায় কৌশল যোজনায় প্রশিক্ষণপ্রাপ্তদের হাতে তৈরি জিনিসের প্রদর্শনী মন্ডপ খোলা হয়। ব্লকভিত্তিক ভলিবল প্রতিযোগিতা এবং কৌশল মেলা উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন এলাকার শিল্পীগণ।

\*\*\*\*\*